

**প্রকল্পের নাম : "গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ"**

**প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ**

স্বাধীনতার পর থেকে এই মন্ত্রণালয়ের মাধ্যমে কাবিখা ও টিআর প্রকল্পের আওতায় গ্রামীণ কাঁচা সড়ক নির্মাণ কাজ শুরু হয়। তাছাড়া ২০০৮-২০০৯ সাল হতে ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্য পুওর (ইজিপিপি) কর্মসূচি চালু রয়েছে। এ সকল কর্মসূচির মাধ্যমে এ যাবৎ প্রায় ০৩ লক্ষ কিলোমিটার মাটির রাস্তা নির্মাণ করা হয়েছে। বর্ষা মৌসুমে মাটির রাস্তাগুলি কর্দমাক্ত ও ক্ষয় হয়। এতে প্রতি বছর রাস্তাগুলি যোগাযোগ উপযোগী রাখতে সরকারের বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন হয়। যা দেশের অবকাঠামো উন্নয়নে নেতিবাচক প্রভাব ফেলে। এ পরিস্থিতিতে গ্রামীণ মাটির রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় কমিয়ে আনার লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) প্রকল্পটি বিগত ১৪ মার্চ ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদন দিয়েছেন।

**প্রকল্পের উদ্দেশ্যঃ**

- ১। দেশের প্রতিটি উপজেলায় স্থানীয় হাট-বাজার, গ্রোথ সেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদ যে সকল গ্রামীণ মাটির রাস্তা দ্বারা সংযুক্ত রয়েছে সেগুলোকে এইচবিবি করণের মাধ্যমে দীর্ঘস্থায়ী ও টেকসই করা।
- ২। সারা বছর চলাচল উপযোগী ও টেকসই রাখতে, উৎপাদিত কৃষিপণ্য বিপণনে সহায়তা প্রদানের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নতি করা এবং পরিবহন ব্যয় কমিয়ে আনা।
- ৩। দুর্যোগের সময় অল্প সময়ে দুর্গত এলাকার জনগন যাতে আশ্রয় কেন্দ্রে আসতে পারে, সহজে চিকিৎসা সেবা পেতে পারে, গবাদিপশু দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নেয়া এবং দুর্যোগে ঝুঁকি হ্রাস করে স্থানীয় জনগোষ্ঠির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।
- ৪। বর্ষা মৌসুমে মাটির রাস্তাগুলি কর্দমাক্ত ও ক্ষয় হয়। এতে প্রতি বছর যোগাযোগ উপযোগী রাখতে সরকারের অনেক অর্থের প্রয়োজন হয়। এইচবিবি করণের মাধ্যমে মাটির ক্ষয় রোধ করা ও ভবিষ্যতে মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় কমিয়ে আনা।

**প্রকল্প সংক্রান্ত তথ্যঃ**

প্রকল্প সর্বমোট দৈর্ঘ্য	:	৩১৪৫.৫০ কি.মি.
প্রকল্প ব্যয়	:	১২৩৮২৭.০০ লক্ষ (১২৩৮.২৭) কোটি টাকা (রাজস্ব: ৫৮৪.৫৮ লক্ষ টাকা, মূলধন: ১২৩২৪২.৪২ লক্ষ টাকা)
প্রকল্প মেয়াদ	:	জুলাই ২০১৬ - জুন ২০১৯
প্রকল্প এলাকা	:	৪৮৮ টি উপজেলা